



ISO 9001:2015 Certified

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি  
MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

☎ ০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar\_pbs@yahoo.com  
🌐 pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০০৮.২৫. ৪০২৮

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

নিলাম বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর সদর দপ্তর ক্যাম্পাসে ছড়িয়ে থাকা নিম্নবর্ণিত মালামাল সমূহ “যেখানে যে অবস্থায় আছে” নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদার এর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক দর (টাকা)	মোট দর (টাকা)
০১।	<b>সাধারণ স্টোরে সংরক্ষিত ব্যবহার অযোগ্য লোহা জাতীয় মালামাল</b> (গ্রিলের গেইট, ভাঙ্গা ঠেলা গাড়ি (ছোট), মোটরসাইকেলের স্ট্যান্ড, জানালার ভাঙ্গা গ্রিলের অংশ, গাড়ীর ভাঙ্গা বাম্পার, কেচি গেইটের ভাঙ্গা অংশ, লোহার পাইপের তৈরী মই, লোহার পাইপ, লোহার পাইপের তাক)	১,২৬৫ কেজি		
			মোট মূল্য=	
কথায়:				

দরপত্র জামানতের তথ্যাদি :


টাকার পরিমাণ	:	
পে-অর্ডার নং	:	
ব্যাংকের নাম ও শাখা	:	

শর্তাবলী:

- ০১। আগ্রহী নিলাম দরদাতাগণ উল্লিখিত মালামাল সমূহ আগামী ২২/০৭/২০২৫ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন মৌলভীবাজার পবিসের প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন এবং তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০২। আগ্রহী দরদাতাগণকে আগামী ২৩/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে মৌলভীবাজার বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দর দাখিল করতে হবে। খামের উপরে “ব্যবহার অযোগ্য লোহা জাতীয় মালামাল ক্রয়ের দরপত্র” লিখতে হবে। নির্ধারিত সময়ের পর বা কোরিয়ার/ডাকঘোলে প্রেরিত দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। একই দিনে ১২:০৫ ঘটিকার সময় দাখিলকৃত সকল দরপত্র উপস্থিতি দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরদাতা কর্তৃক নিলামে দাখিলকৃত মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীল ব্যাংক হতে মৌলভীবাজার বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ না হলে ফেরৎ যোগ্য)। নিরাপত্তা জামানত ছাড়া প্রদত্ত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- ০৪। আগ্রহী দরদাতাগণকে উপরে বর্ণিত সকল মালামালের জন্য দর দাখিল করতে হবে। উল্লেখ্য যে, আংশিক অথবা পৃথকভাবে কোন মালামালের দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না। দরদাতাগণের মধ্যে সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট বর্ণিত ব্যবহার অযোগ্য লোহা জাতীয় মালামাল সমূহ বিক্রয় করা হবে।
- ০৫। মালামালসমূহের একক দর, দরদাতার নাম ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।

*Handwritten signature*

- ০৬। সর্বোচ্চ দরদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫(পনের)দিনের মধ্যে অবশিষ্ট ৭৫%(পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% উৎস কর এবং ৭.৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে মৌলভীবাজার পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহন করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৭। দরদাতাগণের দাখিলকৃত মোট মূল্যের উপর মূল্যায়ন করা হবে।
- ০৮। শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

  
(এ.বি.এম মিজানুর রহমান)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে নিলাম দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবোর্ড, সিলেট।
- ০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ০৫। পুলিশ সুপার, মৌলভীবাজার।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীমঙ্গল/ মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর /কুলাউড়া/জুড়ি উপজেলা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, বি-বাড়ীয়া।
- ০৯। ডিজিএম, মৌলভীবাজার/কমলগঞ্জ/রাজনগর/বড়লেখা জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, মৌলভীবাজার পবিস।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, মৌলভীবাজার।
- ১১। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/আইটি), মৌলভীবাজার পবিস(এজিএম আইটি-অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১২। নোটিশ বোর্ড, মৌলভীবাজার পবিস।
- ১৩। অফিস ফাইল/মাস্টার ফাইল।

  
(এ.বি.এম মিজানুর রহমান)  
জেনারেল ম্যানেজার

